

ক্রিঃ কাম প	
কা উ ম প (সঃ দঃ)	
স কাম প	
প্র ক	
প্র স	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা-১ শাখা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
www.ssd.gov.bd



তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৭
২৩ নভেম্বর ২০২০

বিষয়: কারাগারের নিরাপত্তা নিশ্চিত করণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ে দেখা যাচ্ছে যে, দেশের বিভিন্ন কারাগারে কারা নিরাপত্তা কার্যক্রম আধুনিকায়ন করা হলেও কারা নিরাপত্তা ব্যবস্থা বার বার হুমকির সম্মুখীন হচ্ছে। কারাগারে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারী/কারারক্ষীদের দায়িত্ব পালনে শৈথিল্য প্রদর্শন করার কারণে নিরাপত্তা ব্যবস্থা উত্তরোত্তর প্রশ্রবিক হচ্ছে। নিরাপত্তা কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী/কারারক্ষীদের দুর্বল দিকসমূহ বন্দিদের মাঝে ইতোমধ্যে সম্যক ধারণা জন্ম দিয়েছে। এরই ফলশ্রুতিতে অতি সম্প্রতি দেশের গুরুত্বপূর্ণ ০২টি কারাগার এবং হাসপাতাল থেকে দুর্ধর্ষ প্রকৃতির বন্দি পালিয়ে যেতে সক্ষম হয়েছে। এছাড়া কারাগারের অভ্যন্তরে দায়িত্বরত নিরাপত্তা রক্ষীদের দায়িত্বে দুর্বলতা থাকার কারণে প্রায়শই বিভিন্ন কারাগারে বন্দিরা আত্মহত্যার মত অঘটন সংঘটনের সুযোগ পেয়ে থাকে। বন্দি পালিয়ে যাওয়া এবং আত্মহত্যার ক্ষেত্রে কারাগারের নিরাপত্তা কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী/কারারক্ষীদের দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলার বিষয়টি গঠিত তদন্ত কমিটির নিকট ইতোমধ্যে প্রমাণিত হয়েছে।

২। কারাগারের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য ব্যবহৃত যন্ত্রপাতি এবং এ কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী/কারারক্ষীদের দায়িত্ব পালনের ক্ষেত্রে জেল কোডের বিধান অনুসরণপূর্বক তা প্রতিপালন করা এবং এ কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/কারারক্ষীরা নিজ নিজ দায়িত্ব পালনে শৈথিল্য প্রদর্শন করলে তাদেরকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান নিশ্চিত করা একান্ত আবশ্যিক। অন্যথায় শৈথিল্যের এ ধারা অব্যাহত থাকলে ভবিষ্যতে আরও বড় ধরনের দুর্ঘটনা ঘটানোর আশংকা থেকেই যাবে।

৩। এমতাবস্থায়, দেশের প্রতিটি কারাগার পর্যায়ক্রমে পরিদর্শনপূর্বক সঠিক কারা ব্যবস্থাপনা তদারকি এবং দায়িত্বপ্রাপ্ত সিনিয়র কর্মকর্তাদের আরও নিরাপত্তা সচেতনতা এবং ভৎসনাতা বৃদ্ধির বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে কারা নিরাপত্তা নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/১১/২০
(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
ফোন: ৯৫৫০০১৭
e-mail: jail1@ssd.gov.bd

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪। অফিস কপি/মাষ্টার কপি

কারা অধিদপ্তর, ঢাকা


পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২০- ৬২৬ (১০০)

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২১.২০১৮-৪৮৮ তারিখ: ২৩ নভেম্বর ২০২০ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। সুরক্ষা সেবা বিভাগের উপরোল্লিখিত নির্দেশনা অধিনস্থ সকল কারা কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করে উহার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিতরণ:

- ১। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা;
- ২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ;
- ৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী;
- ৪। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার;
- ৫। জেল সুপার, সকল জেলা কারাগার;
- ৬। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৭। পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৮। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিমেষস্থানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
- ১১। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
- ১২। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য; এবং
- ১৩। গার্ড ফাইল।


২৩/১১/২০২০
মোঃ আব্বাস হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)।
addlig@prison.gov.bd